



বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

ছত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা), আগস্ট, ২০২৫



**Ramakrishna Mission Vidyamandira
Alumni Association**

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

সম্পাদকীয়

বর্তমানে ডিজিটাল যুগ। নভোমণ্ডলে মানুষের প্রায়শ যাতায়াতের কথা না হয় বাদই দিলাম। যে কাজগুলো মানুষকে এককালে শারীরিকভাবে নির্দিষ্ট স্থানে গিয়ে অনেকটা সময় ব্যয় করে করতে হত, আজকের দিনে তার অধিকাংশই এভাবে করার দরকার হয় না। ঘরে বা অফিসে বসে কম্পিউটারে মাত্র কয়েক সেকেন্ডের মাউস ক্লিকে মানুষ অনায়াসে তা সম্পাদন করতে পারছে। মুঠোফোনের দৌলতে পৃথিবী এখন ঘরবন্দি। আবার ডিজিটাল যুগে অতিরিক্ত কম্পিউটার বা মোবাইলের সাহায্যে সোশ্যাল মিডিয়া ব্যবহারের কারণে উদ্বেগ ও বিষণ্ণতা বাড়ছে এবং ঘূমের সমস্যাও হচ্ছে। সবচেয়ে বড় সমস্যা মুখোমুখি যোগাযোগের অভাবে সামাজিক সম্পর্ক ক্রমশ দুর্বল হচ্ছে যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য খুব একটা সুখকর নয়। কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান আবার অতীত ও বর্তমানের মধ্যে একটা ভারসাম্য বজায় রেখে পড়ুয়াদের সামগ্রিক মানোন্নয়নে উপযুক্ত ভূমিকা গ্রহণ করেছে। বিদ্যামন্দির এদের মধ্যে অন্যতম।

এর ফলে বিদ্যামন্দির ছাত্রাবাসে কয়েকটি বছর অতিবাহিত করে চলে যাওয়ার পরও কিন্তু ছাত্রদের মধ্যে পারস্পরিক সম্পর্ক অক্ষুণ্ণ থাকে। সুযোগ পেলেই তারা নিজেরা মিলিত হয়। কেউ কেউ আবার প্রতি বছর নিয়মিতভাবে নিজেদের ব্যাচমেটদের সঙ্গে মিলিত হয়। সবথেকে বড় আকারে আয়োজিত হয় পুনর্মিলন উৎসব। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের পক্ষ থেকে বিদ্যামন্দিরের সহযোগিতায় সমস্ত প্রাক্তনীদে মিলিত হওয়ার জন্য প্রতি দুই বছরে একবার পুনর্মিলন উৎসবের আয়োজন করা হয় বিদ্যামন্দিরে। শুধু প্রাক্তন ছাত্ররাই নয়, প্রাক্তন ও বর্তমান শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রাবাসকর্মী ও অধীক্ষকদেরও এই উৎসবে আমন্ত্রণ জানানো হয়। বিদ্যামন্দির যে একটি পরিবার তা যথার্থভাবে উপলব্ধ হয় ঐ দিনটিতে। আসুন সপরিবারে সকলে আগামী ১ ফেব্রুয়ারি, ২০২৬ রবিবারে পুনর্মিলন উৎসবে। আগাম জানিয়ে দেওয়া হল। আপনাদের আগমনে মুখরিত হয়ে উঠুক বিদ্যামন্দির প্রাঙ্গন।

শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক : সুশান্ত দে

সদস্যবৃন্দ : স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিতানিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ : প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।



নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— Link: <https://www.facebook.com/VidyamandiraAlumni>



Email: alumnividyamandira@gmail.com

Website: www.alumnividyamandira.in

পুনর্মিলন উৎসবের বিজ্ঞপ্তি

আগামী ১ ফেব্রুয়ারি, ২০২৬ (রবিবার) বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে। বিদ্যামন্দিরের বর্তমান ও প্রাক্তন শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রাবাসকর্মী, অধীক্ষক ও প্রাক্তনীদে সকলকে সপরিবারে সাদর আমন্ত্রণ জানাই।

রানি রাসমণি স্মারক বক্তৃতা : ২০২৫

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত ‘রানি রাসমণি স্মারক বক্তৃতা’ এ বছর নিম্নসূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১৫ আগস্ট, ২০২৫ শুক্রবার

সময় : সকাল ১১ টা ৩০ মিনিট

স্থান : বিবেকানন্দ সভাগৃহ

বিষয় : ভারতবর্ষের প্রতিরক্ষায় নারীদের ভূমিকা

বক্তা : কর্নেল ড. অনিন্দিতা চট্টোপাধ্যায়

এই সভায় সকলের সাদর আমন্ত্রণ।

বিদ্যামন্দির, ৩০ জুলাই, ২০২৫

কর্মসচিব

২০২৪-২৫ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা (২০২৪-২৫) নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ১৫ আগস্ট, ২০২৫ শুক্রবার ; সময় : বিকেল ২ টা ৩০ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।

বিষয়সূচী:

- ১। বিগত ১৫.০৮.২০২৪-এ অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
- ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন : ২০২৪-২৫
- ৩। ২০২৪-২৫ বর্ষের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন
- ৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা
- ৫। ২০২৫-২৬ বর্ষের অডিটর নিয়োগ
- ৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)

এই সভায় যোগদানের জন্য সদস্যদের আমন্ত্রণ জানাই।

বিদ্যামন্দির, ৩০ জুলাই, ২০২৫

কর্মসচিব

বিঃ দ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনে বা হোয়াটসঅ্যাপে (৭০০৩৬০৭৭৮৪) অথবা সহ-সভাপতিকে টেলিফোনে /হোয়াটসঅ্যাপে (৯৮৩১৪৬৪৬৬০) জানিয়ে দেবেন।

“Education is the manifestation of the perfection already in man”

—Swami Vivekananda

প্রয়াণ বার্তা

- গভীর দুঃখের সঙ্গে জানানো হচ্ছে যে, গত ১/৬/২০২৫ তারিখে পরম পূজনীয় স্বামী কমলেশানন্দ মহারাজ রামকৃষ্ণলোকে গমন করেছেন। মহারাজ ছিলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫৫-৫৭)। পরবর্তীকালে তিনি বিদ্যামন্দিরের ছাত্রাবাস অধীক্ষকের দায়িত্বও পালন করেছিলেন। তিনি বেলুড় মঠের সপ্তম অধ্যক্ষ পরম পূজাপদ শ্রীমৎ স্বামী শঙ্করানন্দজী মহারাজের মন্ত্রশিষ্য ছিলেন। তাঁর পূর্বাশ্রম ছিল বগুড়াতে। মহারাজের কর্মক্ষেত্র ছড়িয়ে ছিল মিশনের বেলুড়, বাগবাজার, বর্ধমান ও অন্যান্য কয়েকটি শাখায়।
- গত ১৯/৬/২০২৫ তারিখ বৃহস্পতিবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হয়েছেন দর্শন বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মাধবেন্দ্রনাথ মিত্র। বয়স হয়েছিল ৮৮ বছর। অধ্যাপনা জীবনের সূচনাকালে তিনি বিদ্যামন্দিরে বেশ কয়েক বছর শিক্ষাদান করেন। পরে দীর্ঘকাল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। শিক্ষাক্ষেত্রে পড়ুয়াদের মানসিক স্বাস্থ্য সঠিক রাখার ভাবনা বাস্তবায়িত হয়েছিল তাঁরই হাত ধরে। তাঁরই উদ্যোগে যাদবপুরে প্রথম কাউন্সেলিং সেল শুরু হয়েছিল। জাতীয় শিক্ষা পরিষদের সভাপতি হিসাবেও দীর্ঘ সময় দায়িত্বভার সামলেছেন।
- গত ৭ মে, ২০২৫ তারিখে প্রয়াত হন বিদ্যামন্দিরের ডিগ্রী কোর্সের প্রথম ব্যাচের (১৯৬০-৬৩) পদার্থবিদ্যার ছাত্র তুষার কান্তি পাল। কর্মজীবনের প্রথম দিকে তিনি বিষ্ণুপুর রামানন্দ কলেজের অধ্যাপক ছিলেন। পরবর্তীকালে চলে আসেন হুগলির রাধানগর রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হিসাবে এবং সেখান থেকেই অবসর গ্রহণ করেন। ইতিমধ্যে তিনি পি.এইচ.ডি ডিগ্রী লাভ করেন। অধ্যাপক ও অধ্যক্ষ হিসাবে তিনি ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী ও শিক্ষানুরাগীদের মধ্যে অকুণ্ঠ সুনাম অর্জন করেছিলেন। বর্ধমান জেলার গোতান গ্রাম ছিল তাঁর জন্মভূমি। এই গোতানই ছিল ভাষাবিদ ডঃ সুকুমার সেনেরও জন্মস্থান। তাঁরই উদ্যোগে এই গ্রামে ডঃ সুকুমার সেনের স্মৃতিরক্ষার্থে একটি ডিগ্রী কলেজ স্থাপিত হয়।
- গত ৩০ মে, ২০২৫ তারিখে প্রয়াত হন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৭৯-৮১, আর্টস ও ১৯৮১-৮৪, ইংরাজি) কুমারীশ মোজকুড়ি। তিনি একটি উচ্চ বিদ্যালয়ে একজন সহকারী শিক্ষক হিসাবে তাঁর কর্মজীবন শুরু করেন এবং কর্মজীবন শেষ করেন প্রধান শিক্ষক রূপে।
- গত ২০ জুলাই, ২০২৫ তারিখে বিদ্যামন্দিরের প্রাক্তন শিক্ষাকর্মী অমল চক্রবর্তী প্রয়াত হয়েছেন। তিনি দীর্ঘকাল নিষ্ঠার সঙ্গে সেবা দান করেছেন। অমলবাবু বিদ্যামন্দিরের প্রতিষ্ঠাতা-অধ্যক্ষ পূজনীয় স্বামী তেজসানন্দ মহারাজের সান্নিধ্য লাভ করেছিলেন।

আমরা এঁদের সকলের আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের জানাই গভীর সমবেদনা।

আনন্দ সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৭৯-৮২, পদার্থবিদ্যা) ডঃ সৌরাংশ মুখোপাধ্যায় গত ১৮.১২.২০২৪ তারিখে পূর্ব মেদিনীপুরে অবস্থিত মহাত্মা গান্ধী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে কার্যভার গ্রহণ করেছেন। বিদ্যামন্দির থেকে পাশ করে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে M.Sc. (Tech) এবং Ph.D. ডিগ্রী লাভ করেন। উপাচার্যের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি যথাক্রমে বিদ্যাসাগর ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যা বিভাগে অধ্যাপনা করেছেন। ড. মুখোপাধ্যায়কে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮২-৮৪) ড: দিলীপ কুমার প্রতিহার কৃত্রিম বুদ্ধিমত্তা ও যন্ত্রমানব নির্মাণ বিদ্যায় গত ৩০ বছরে তাঁর গবেষণা ও অধ্যাপনার বিশেষ স্বীকৃতি স্বরূপ KPR Legacy Award 2025 -এর Hall of Fame Category -তে 'Special Jury Award' সম্মানে ভূষিত হয়েছেন। ড: প্রতিহার বর্তমানে আই. আই. টি. খড়াপুরের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ার প্রফেসর এবং অ্যাসোসিয়েট ডিন। কোয়েম্বাটোরের K.P.R. Institute of Engg. & Tech.-তে অনুষ্ঠিত পুরস্কার প্রদান সভায় তাঁকে স্মারক ও নগদ পুরস্কারে সম্মানিত করা হয়। উল্লেখ্য, আগামী ২০২৫-৩০ কালপর্বের জন্য ডঃ প্রতিহারকে Research Council Member হিসাবে মনোনীত করেছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, বেলুড় মঠ। আমরা আনন্দিত, আমরা গর্বিত।

বিশিষ্ট প্রাক্তনী শ্রী সুবীর রায় (১৯৫৮-৬০) বিদ্যামন্দিরের সার্বিক উন্নতিকল্পে ১ লক্ষ টাকা দান করেছেন। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে শ্রী রায়কে জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন।

প্রাক্তনী সংসদ সমাচার

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ বিদ্যামন্দির পরিবার এবং বৃহত্তর জগতের সেবার উদ্দেশ্যে যে প্রকল্পগুলি হাতে নিয়েছিল সেগুলি অবিচ্ছিন্নভাবে এগিয়ে চলেছে। সমস্ত প্রকল্পগুলির একটি সংক্ষিপ্ত প্রতিবেদন নিচে দেওয়া হল।

ছাত্রবৃত্তি প্রকল্প : বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ বর্তমান ছাত্রদের উচ্চশিক্ষার জন্য ছাত্রবৃত্তি প্রকল্পটিকে সর্বোচ্চ গুরুত্ব সহকারে বাস্তবায়িত করে চলেছে। গত ২০২৪-২৫ অর্থবর্ষে ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা মোট ২,৬৪,৯৮৬ টাকা সংসদের হাতে তুলে দেন। এছাড়া ১৯৭১-৭৪ বর্ষের প্রাক্তনীরা ২৫,০০০ টাকা এবং ১৯৭৬-৭৯ বর্ষের প্রাক্তনীরা ১,১৩,০০০ টাকা সংগ্রহ করে দিয়েছেন। তাছাড়াও বিগত অর্থবর্ষে ১৯৮১-৮৪ বর্ষের পক্ষ থেকে ১,১৮,০০০ টাকা সংগ্রহ করে সংসদের হাতে তুলে দেওয়া হয়েছে। এইসব সংগৃহীত অর্থ ব্যাঙ্কে বিভিন্ন তহবিলে জমা করা হয়। সেই জমা-করা অর্থ থেকে সুদ-বাবদ যে অর্থ পাওয়া যায় সেই অর্থ দিয়ে বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের পড়াশোনার জন্য সর্বমোট ১০,৫২,৫০০ টাকা দেওয়া হয়েছে। যার মধ্যে বিদ্যামন্দিরের

বর্তমান ছাত্রদের জন্য ১০,২০,০০০ টাকা, সদ্য-প্রাক্তনীদের অনুদান ও অন্যান্য সাহায্য মিলিয়ে ২৫,০০০ টাকা এবং ছাত্রাবাসের কর্মীদের সাহায্য বাবদ ৭৫০০ টাকা দেওয়া হয়েছে। বিশেষভাবে উল্লেখ্য যে, বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের জন্যও সংসদের পক্ষ থেকে মোট ১,৩৮,০০০ টাকা দেওয়া হয়েছে।

বিবেকানন্দ সম্মেলন : স্বামী বিবেকানন্দের আদর্শকে সামনে রেখেই রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির ও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ, স্বামীজীর ভাবধারা ও মূল্যবোধ শিক্ষা সামগ্রিকভাবে বিদ্যালয়-মহাবিদ্যালয়-বিশ্ববিদ্যালয়-স্তরে তথা সাধারণভাবে যুবসমাজের মধ্যে প্রসারের লক্ষ্যে, একটি নির্দিষ্ট পরিকল্পনায় 'বিবেকানন্দ সম্মেলন'-এর আয়োজন করে চলেছে। ২০২৪-২৫ অর্থবর্ষে এই সম্মেলন দার্জিলিং জেলার স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়গুলোর জন্য আয়োজন করা হয়েছে। পরিচালনার সুবিধার্থে সমগ্র দার্জিলিং জেলাটিকে তিনটি বিভাগে ভাগ করা হয়েছে যথা— শিলিগুড়ি, কাশিয়াং ও দার্জিলিং। এই সম্মেলনের অংশ হিসাবে আন্তঃ-বিদ্যালয়-মহাবিদ্যালয়-বিশ্ববিদ্যালয়-স্তরে সাংস্কৃতিক

প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। এই সাংস্কৃতিক প্রতিযোগিতা ৩ টি বিভাগে গল্পবলা, আবৃত্তি, সঙ্গীত, অঙ্কন, তাৎক্ষনিক বক্তৃতা ও কুইজ ইত্যাদি বিষয়ে গত ১-৪ জুন, ২০২৫ তারিখে দার্জিলিং জেলার তিনটি অঞ্চলে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের সংখ্যা ছিল উৎসাহজনক। একই সাথে যুব-সম্মেলন ও শিক্ষক-সম্মেলনও অনুষ্ঠিত হয়। প্রায় ৮০০ জন যুব প্রতিনিধি যুব-সম্মেলনে ও শতাধিক শিক্ষক প্রতিনিধি শিক্ষক-সম্মেলনে অংশগ্রহণ করেন। (বিস্তারিত বিবরণ এই সংখ্যায় পৃথকভাবে আছে)

স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা : রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে চতুর্থ ‘স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা’ অনুষ্ঠিত হয় কাটিহার রামকৃষ্ণ মিশন আশ্রমে বিগত ২৬ এপ্রিল ২০২৫ তারিখে, দুপুর ১.৩০ মিনিটে। এই অনুষ্ঠানে কাটিহার রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের সদস্যরাও অংশগ্রহণ করেন। পূজ্যপাদ স্বামী শিবময়ানন্দজী মহারাজ যেসব কেন্দ্রে সেবারত ছিলেন সেইসব কেন্দ্রে পর্যায়ক্রমে প্রাক্তনী সংসদ প্রতি বছর এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। সেই সুবাদে এইবারের অনুষ্ঠানটি কাটিহারে হল। অনুষ্ঠানে স্মারক বক্তৃতা প্রদান করেন রামকৃষ্ণ মিশন মালদার সম্পাদক এবং বিদ্যামন্দিরের ভূতপূর্ব অধ্যক্ষ স্বামী ত্যাগরূপানন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন কাটিহারের সম্পাদক স্বামী মহেশ্বরানন্দ, কাটিহার রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী রামনামানন্দ, বেলুড় বিদ্যামন্দিরের পক্ষ থেকে স্বামী মহাবিদ্যানন্দ, প্রাক্তনী সংসদের অন্যতম সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার ও যুগ্ম-সম্পাদক শ্রী অনুপ কুমার দাস প্রমুখ। চতুর্থ ‘স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা’ মঞ্চের কাটিহার বিদ্যামন্দিরের প্রাক্তন ছাত্র শ্রীমান কুমার সত্যমের হাতে ‘স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার-২০২৪’ তুলে দেন স্বামী মহাবিদ্যানন্দ।

এই অনুষ্ঠানে কাটিহারের অন্যান্য সন্ন্যাসী ও ব্রহ্মচারিবৃন্দ, কাটিহার বিদ্যামন্দিরের প্রাক্তনী, ভক্তমণ্ডলী, ছাত্র ও শিক্ষকসহ মোট ১৫০ জনের মত উপস্থিত ছিলেন। কাটিহার রামকৃষ্ণ মিশনের সক্রিয় সহযোগিতায় অনুষ্ঠানটি সুচারুরূপে সম্পন্ন হয়।



চতুর্থ স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতারত স্বামী ত্যাগরূপানন্দজী

স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা : বিগত ২৩ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে ‘স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা’ অনুষ্ঠিত হয়েছে। এই ক্রিকেট প্রতিযোগিতা ১৯৭১-গ্র্যাজুয়েট-ব্যাচের প্রাক্তনীদেব অর্থানুকূল্যে ও বিশেষ উদ্যোগে আয়োজিত হয়ে থাকে। এই ২০-ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় দুটি দল অংশগ্রহণ করে। একটি দল বিদ্যামন্দিরের আউটগোয়িং ছাত্ররা এবং বিদ্যামন্দিরের বাকি ছাত্রদের নিয়ে অপর দলটি গঠিত হয়। দুই দলের হাতে কাপ তুলে দেওয়া হয় এবং তাছাড়াও সকল অংশগ্রহণকারী খেলোয়াড়ের হাতেই স্মারক পুরস্কার তুলে দেওয়া হয়েছে। এই প্রতিযোগিতায় বিজয়ী হয় বিদ্যামন্দিরের আউটগোয়িং ছাত্ররা।



ক্রিকেট প্রতিযোগিতার শেষে বিজয়ী দল ও প্রাক্তনীরা

স্বাস্থ্যপ্রকল্প: প্রাক্তনী সংসদ দীর্ঘকাল যাবৎ বেলুড় শ্রমজীবী হাসপাতালের সঙ্গে স্বাস্থ্যপ্রকল্পের কাজে অংশগ্রহণ করে চলেছে। বিগত মার্চ ২০২৫ সালে আর্থিকভাবে দুঃস্থ রোগীদের চিকিৎসা-বাবদ ১০০০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে। এছাড়াও বিদ্যামন্দিরের ছাত্র ও শিক্ষাকর্মীদের প্রয়োজনভিত্তিক চিকিৎসাবাবদ নিয়মিত সাহায্য দেওয়া হয়ে থাকে।

রানি রাসমণি স্মারক বক্তৃতা: প্রতি বছরের মতো এ বছরও ‘রানি রাসমণি স্মারক বক্তৃতা’ আগামী ১৫ আগস্ট ২০২৫ তারিখে বিদ্যামন্দিরে বেলা ১১.৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এ বছর বক্তৃতার বিষয় হল : ‘ভারতবর্ষের প্রতিরক্ষায় নারীদের ভূমিকা’।

স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা : বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের পক্ষ থেকে প্রতি বৎসরের মত এবারও ‘স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা’ আয়োজন করা হবে ৩০ আগস্ট ২০২৫। সাধারণত এই স্মারক বক্তৃতায় আলোচনার

বিষয় থাকে ‘ভারতের আধ্যাত্মিকতা ও তার সাংস্কৃতিক উত্তরাধিকার’। এই বৎসরে বক্তা পদ্মশ্রী অধ্যাপক অজয় রায়। বিষয় : ‘মানব কল্যাণে বিজ্ঞানের অবদান’।

পুনর্মিলন উৎসব: বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে ২৯-তম পুনর্মিলন উৎসব আগামী ১ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে আয়োজন করা হয়েছে। এই সারাদিনব্যাপী অনুষ্ঠানে সকল অতিথি, আমন্ত্রিত অতিথি, বর্তমান ও প্রাক্তন শিক্ষকবৃন্দ এবং প্রাক্তনী ও তাদের পরিবার-বর্গের উপস্থিতি একান্ত ভাবে কাম্য। প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত বিদ্যামন্দির পরিবার, প্রত্যেক প্রাক্তনী ও সকল শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

বিবেকানন্দ সম্মেলন ২০২৪-২৫

দার্জিলিং জেলা

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের যৌথ উদ্যোগে দার্জিলিং জেলায় অনুষ্ঠিত হলো ২০২৪-২৫ অর্থবর্ষের বিবেকানন্দ সম্মেলন। যৌথ উদ্যোগে প্রায় চার দশক ধরে অনুষ্ঠিত হয়ে চলেছে বিবেকানন্দ সম্মেলন। পশ্চিমবঙ্গের এক একটি জেলাকে নির্বাচন করে সেই নির্বাচিত জেলায় বিবেকানন্দ সম্মেলনের আয়োজন করা হয়। বিবেকানন্দ সম্মেলনের দুটি অংশ— যুব-সম্মেলন এবং শিক্ষক-সম্মেলন। যুব-সম্মেলনে জেলার সমস্ত বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের যুবক ছাত্রছাত্রীরা এই সম্মেলনে যোগ দিতে পারেন অঙ্কন, গল্পবলা, তাৎক্ষণিক বক্তৃতা, বক্তৃতা, সঙ্গীত, যোগব্যায়াম, কুইজ ইত্যাদি প্রতিযোগিতার মধ্যে দিয়ে। উক্ত সব প্রতিযোগিতার মূল বিষয় বিবেকানন্দের জীবনী ও বাণী। শিক্ষক সম্মেলনে নির্বাচিত জেলার সব বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা যোগ দিতে পারেন। বিবেকানন্দ সম্মেলন প্রথম শুরু হয়েছিল হুগলি জেলাকে কেন্দ্র করে এবং পশ্চিমবঙ্গের সবকটি জেলায় একবার করে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এবারে দার্জিলিং জেলাকে নির্বাচন করা হয়েছিল কারণ এর আগে ২০১২ সালের মার্চ মাসে শিলিগুড়িতে সম্মেলন হলেও পাহাড়ি সম্মেলন করা সম্ভব হয়নি।

এবারের বিবেকানন্দ সম্মেলন যে চারটি শিক্ষাপ্রতিষ্ঠানে আয়োজন করা হয়েছিল সেগুলি হল—

- প্রথম সম্মেলন : ০১-০৬-২০২৫ : কালীপদ ঘোষ তরাই মহাবিদ্যালয়, শিলিগুড়ি।
- দ্বিতীয় সম্মেলন : ০২-০৬-২০২৫ : শ্রীরামকৃষ্ণ বি. টি. কলেজ, দার্জিলিং।
- তৃতীয় সম্মেলন : ০৩-০৬-২০২৫ : দার্জিলিং গভর্নমেন্ট কলেজ, দার্জিলিং।
- চতুর্থ সম্মেলন : ০৪-০৬-২০২৫ : কাশিয়াং কলেজ, কাশিয়াং

এই চারটি প্রতিষ্ঠানে সর্বমোট প্রায় ৮০০ জন ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

চারটি সম্মেলনের মধ্যে এক, একাধিক বা সবকটি সম্মেলনে বিদ্যামন্দির এবং বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ এবং জেলার রামকৃষ্ণ মিশন শাখাকেন্দ্র থেকে উপস্থিত ছিলেন— রামকৃষ্ণ মিশন সাহুডাসীর সম্পাদক স্বামী নরেশানন্দজী মহারাজ, বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দজী মহারাজ, পরীক্ষা নিয়ামক স্বামী শান্তেশানন্দজী মহারাজ, অধ্যাপক শ্রী সৌভিক দত্ত ও শ্রী মৃণ্ময় ঢালি, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, কোষাধ্যক্ষ প্রবীর বন্দ্যোপাধ্যায়, কার্যনির্বাহী সমিতির সদস্য শ্রী অভিজিৎ মাইতি, শ্রী দিবেন্দু মণ্ডল। প্রত্যেক সম্মেলন যে যে শিক্ষাপ্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়েছে সেইসব শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ, শিক্ষক-শিক্ষিকা, অন্যান্য সম্মানীয় ব্যক্তিবর্গ এবং ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। বিবেকানন্দ সম্মেলন সফল করতে বিবেকানন্দ অনুরাগী-ভক্ত শিলিগুড়ি যুবমহামণ্ডলের শ্রী মনোময় মণ্ডল এবং অধ্যাপক সূর্যকান্তি সাহা গভীর আন্তরিকতায় সবদিক থেকে সহযোগিতা করেছেন। রামকৃষ্ণ মিশন, সাহুডাসী; রামকৃষ্ণ মিশন নিবেদিতা এডুকেশনাল এন্ড কালচারাল সেন্টার (রায় ভিলা), দার্জিলিং; রামকৃষ্ণ মিশন, শিলিগুড়ির সার্বিক সহযোগিতা ছাড়া এই অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করা সম্ভব হতো না।



দার্জিলিং গভর্ণমেন্ট কলেজে সম্মেলনের শুভ সূচনা

প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণরত ছাত্রছাত্রীরা



সম্মেলনে সমবেত শিক্ষক-শিক্ষিকাগণ

পুরস্কার বিতরণী অনুষ্ঠান

প্রধানুযায়ী প্রতিটি সম্মেলন শুরু হয়েছিল বৈদিক মন্ত্রোচ্চারণ ও প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে। সম্মেলনের মধ্যে স্বামী বিবেকানন্দের জীবনী ও বাণীকে আশ্রয় করে কীভাবে ছাত্রছাত্রী এবং শিক্ষক-শিক্ষিকারা নিজেদের জীবনপথে এগিয়ে যেতে পারবেন সেই বিষয়ে বক্তব্য রাখেন বিদ্যামন্দিরের মহারাজদ্বয়, বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের সদস্যরা। শিক্ষাপ্রতিষ্ঠানগুলির শিক্ষক-শিক্ষিকারাও বক্তব্য রেখেছেন। যুব-প্রতিনিধিরা স্বামীজীর জীবনের গল্প বলে শুনিয়েছেন বা আবৃত্তি করেছেন। অনুষ্ঠানের শেষ অংশে বিভিন্ন প্রতিযোগিতায় স্থানাদিকারীদের পুরস্কার এবং শংসাপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত প্রত্যেককে বিবেকানন্দের জীবনী ও বাণী সংক্রান্ত বই এবং বিবেকানন্দের ছবি উপহার দেওয়া হয়। প্রত্যেকটি সম্মেলন সমাপ্ত হয়েছে জাতীয় সঙ্গীত গাওয়ার মধ্যে দিয়ে। এই অনুষ্ঠানের বিবরণ বিভিন্ন পত্র-পত্রিকায় ছাপা হয়।

News from Vidyamandira (December 2024 to May 2025)

1) Seminars & Lectures:

a) Memorial Lectures: The following Memorial/Endowment Lectures were organized during the said period:

Date	Memorial/ Endowment Lecture	Topic	Speaker
23-01-2025	Ajad Hind Fauj Memorial Lecture	1) সুভাষচন্দ্রের রাজনৈতিক চেতনায় বিবেকানন্দের প্রভাব 2) রিষড়া বাড়ি: শরণ বসু ও সুভাষ বসু	1) Dr. Sandipan Sen, Associate Prof., RKMV 2) Smt. Jayanti Rakshit, Daughter-in-law, Sarat Chandra Bose
22-02-2025	Prabhat Kumar Das Memorial Lecture	আমাদের পত্রিকা, আমাদের কাজ	Smt. Rushati Sen, Former Editor Baromas Patrika
08-03-2025	Prof. Somesh Chandra Bagchi Memorial Lecture	Metric Spaces	Dr. Suparna Sen, Dept. of Pure Mathematics, University of Calcutta
11 & 12 March 2025	Sunanda Sanyal Memorial Seminar	Dystopian Universes : Postapocalyptic and futuristic representations of climate and nature in speculative fiction	Prof. Amit Bhattacharya, Dept. of English, University of Gour Banga
21-03-2025	Charu Chandra Sarkar and Usha Rani Sarkar Memorial Lecture	Your First Assignment and Beyond	Mr. Abhiroop Bhattacharjee, Manager, Cognizant
22-03-2025	Ambika Sarkar-Jadunath Majumder Memorial Lecture	মানুষের মনোজগতের সার্বিক পরিবর্তনের ক্ষেত্রে সংস্কৃতি চর্চার ভূমিকা	Smt. Alakananda Ray, Eminent Dancer
03-04-2025	Prof. Sabyasachi Sarkar Memorial Lecture	Stable Singlet Carbenes : The Domain of Non-classical Organic Chemistry	Dr. Debabrata Mukherjee, Dept. of Chemical Science, IISER, Kolkata
17-04-2025	Swami Tathagatananda Memorial Lecture	Art and Injustice	Dr. Prasanta Ray, Prof. Emeritus, Presidency University

b) Special Lectures and Weekly Seminars: Weekly & Departmental seminars, Extension & Special Lectures organized during the period are enlisted below:

Date	Topic	Speaker
06-12-2024	Exploring Space Tech in INDIA : ISRO's Perspective	Smt. Arundhati Misra, Ex-Group Director, Space Application Centre, ISRO
15-12-2024	Artificial Intelligence : Opportunities & Challenges	Shri Pradip Chakraborty, Ex-Director, Training, Oracle
20-12-2024	Decoding the Universe with Gravitational Waves	Tousif Islam, Postdoctoral Scholar, KITP, University of California Santa Barbara
04-01-2025	English Writing Skills	Prof. Sumita Roy, Osmania University, Hyderabad
09-01-2025	Basic Instrumentation Characterization Techniques (UV-Vis and FTIR)	Mr. Pratik Patil, Customer Service Manager & Mr. Subhas Bera, Assistant Manager, Toshvin Analytical Pvt. Ltd.
10-01-2025	Tourism Studies : Employability & Opportunities	Prof. Gautam Mukhopadhyay, Dept. of History, RKM Vidyamandira
11-01-2025	(Weak) Paradoxes and Paradigms in Statistics	Dr. Jyotishka Datta, Asst. Prof., Virginia Tech University, Blacksburg, USA
14-01-2025	Decolonizing Post-colonialism Contexts & Contestations	Dr. Sandipan Sen, Associate Prof., RKMV
15-01-2025	The Contemporary Significance of Tarkapada : Bridging Theory & Practice	Swami Sarvapriyananda, Vedanta Society, New York
15-01-2025	Open Shell Compounds involving 5th & 6th Elements	Dr. Anukul Jana, Associate Prof., TIFR Hyderabad
18-01-2025	Transporter Protein Dynamics in Yeast	Dr. Swagata Ghosh, Asst. Prof., University of Kalyani
29-01-2025	Fun-Tastic Science : One day Science Fair	Participants from various colleges & universities

10-02-2025	Life Management through Mind Performance	Dr. Jakir Hossain, Homeopath (Neuro-Psychiatry) & Life Management Coach
11-02-2025	Introduction to Sequence Spaces	Dr. Atanu Manna, IICT, Bhadohi
19-02-2025	Topology, Boundary States and Quantum Computing as Perceived through a Su-Schrieffer-Heeger Chain	Dr. Satyaki Kar, AKC Mahavidyalaya, Bengai, Hooghly
19-02-2025	1) Exploring Challenges to Morality in Modern democracies : a Politico-Philosophical Perspective 2) The Fifth Ethics: An Overview of the Phronetic Tradition 3) Understanding the Moral Psychology of 'We the People' : Crisis and Catharsis	1) Prof. Dimitris Vardoulakis, School of Humanities and Communication Arts, Western Sydney University, Australia 2) Prof. Pralayankar Bhattacharya, University of Calcutta 3) Prof. Sobhanlal Datta Gupta, Formerly Surendranath Banerjee Professor of Political Science, University of Calcutta
19-02-2025	E-waste Awareness	Mr. Sourav Saha, Chief Technological Officer, Hulladek
19-02-2025	Nurturing Budding Poets	Prof. Gopal Chandra Bayen, Associate Prof., Bengali Dept., RKMVM
21-02-2025	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	Swami Shastrajnananda, Secretary, RKM Ashrama, Narendrapur
22-02-2025	Macroeconomics : History, Theories and Policies	Dr. Alex M. Thomas, Associate Prof., Azim Premji University, Bengaluru
23-02-2025	1) ব্যক্তিজীবনের মূল্যবোধের সাথে কর্ম জীবনের মূল্যবোধ 2) জীবনের লক্ষ্য নির্ধারণ ও সফল ক্যারিয়ার গঠনের মধ্যে আনন্দময় জীবনের সন্ধান	1) Swami Vedatitananda, Asst. Secretary, RKM Sardapitha 2) Dr. Kedar Ranjan Banerjee, Eminent Psychology Specialist
24-02-2025	Enhancing Skills, Ensuring Employability : Summer Internships as Hands-on Pathways to Experimental Learning	1) Swami Shastrajnananda, Secretary RKM Ashrama, Narendrapur 2) Swami Vedatitananda, Asst. Secretary, RKM Saradapitha, Belur 3) Prof. Debashis Biswas, Inspector of Colleges, University of Calcutta 4) Ms. Gargi Bhattacharjee, Group Head, Digital IT, Shyam Metalics

27-02-2025	আপনি সর্বাধিক বিক্রিত কথা সাহিত্যও লিখতে পারেন	Sri Pritam Basu, Eminent literarist
28-02-2025	গিরিশ-অর্থ্য	1) Dr. Subhankar Ray, RKMV 2) Dr. Gopal Chandra Bayen, RKMV
28-02-2025	Union Budget & GST	Mrs. Komal Bhotika, Chartered Accountant, Company Secretary
28-02-2025	Recent Advancements in Quantum Devices	Sri Arghya Maity, Postdoctoral Fellow, Harish-Chandra Research Institute (HRI)
28-02-2025	Federated Learning	Mr. Rajdeep Majumder, US Head of Delta One and Equity Derivatives Trading at HSBC, New York, USA
05-03-2025	Know Yourself, Grow Yourself	1) Mr. Mrinal Chakraborty, Mental Toughness & Motivational Trainer 2) Mr. Arijit Chakraborty, Singer, Entrepreneur & President at Suro Bharati Sangeet Kala Kendra
07-03-2025	Ayurveda and Euthanasia	Dr. Tapati Mukherjee, Former Director Viswa Bharati, Former Vice-president, Asiatic Society, Kolkata
08-03-2025	Astrobiology & Space Medicine: a New Rise in Scientific Horizon	Dr. Krishnendu Ghosh, Postdoctoral Fellow, Carver College of Medicine, University of IOWA, USA
11-03-2025	MSME and FinTech	Mr. Pushpal Roy, C.A., Pushpanjali Investments
20-03-2025	Environmental Ethics: Indian and Western Perspectives	Dr. Madhumita Chatterjee, Asst. Prof., Maulana Azad College
21-03-2025	Reflection on Linguistic Reality through Bharitrhari's Vakyapadiya	Mr. Shubham Kumar, Research Scholar
22-03-2025	শ্রীমদ্ভাগবত কথা	Swami Tattwasarananda, Principal, RKM Training Centre
23-03-2025	Psychological Counselling Methods & Grooming Session	Sri Partha Pratim Roy, Clinical Psychologist
28-03-2025	Panoramic Beauty of the Himalaya	Mrs. Indrani Gupta, Eminent Photographer and Globe Trotter
03-04-2025	Nurturing Budding Poets	Prof. Gopal Chandra Bayen, Associate Prof., Bengali Dept., RKMVM

11-04-2025	Molecular Insights into Cancer & Autoimmune Disorders	1) Dr. Triparna Sen, Co-director, The Tisch Cancer Institute, Icahn School of Medicine at Mount Sinai, New York, USA 2) Dr. Arghya Chhrtopadhyay, Academic Director, Asian Institute of Immunology & Rheumatology 3) Dr. Uday Bandyopadhyay, Former Director, Bose Institute, Kolkata
12-04-2025	ADARSH : Leadership with Emotional Intelligence	Col. Dr. Shantanu Roy
12 & 13 April 2025	Masterclass on Microbiology Azure Cloud Fundamentals (AZ-900)	Mr. Apratim Guha, Microsoft Certified Educator
17-04-2025	Algebraic Closures - where Everything Can be Solved	Dr. Sagnik Chakraborty, Asst. Prof., Dept. of Mathematics, RKMVERI
18 & 19 April 2025	Healing Mind through Treatment, Counselling, Psychotherapy & Art based Therapy	Mr. Mrinal Chakraborty, Mental Toughness & Motivational Trainer
20-04-2025	Movie Mania - A Glimpse	Sri Suman Bhattacharyya, HoD Film Making, RKMRC, Narendrapur
22-04-2025	Media Literacy Workshop	Sri Joydeep Dasgupta, Trainer, Factshala Academic Director
05-05-2025	Internship : The Way Ahead	1) Swami Mahaprajnananda. Principal, RKMV 2) Swami Vedatitananda, Asst. Secretary, RKM Saradapitha 3) Dr. Debashis Biswas, Inspector of Colleges, Calcutta University
10-05-2025	সম্পদ, সিনেমা ও সমাজ	Dr. Manas Ranjan Bhowmik, Asst. Prof., RKMV
14-05-2025	Placement-oriented Webinar	1) Mr. Chandan Chatterjee, Asst. Gen. Manager, ICICI Bank 2) Mr. Vishwajit Pandey, Executive , ITM Skill Academy

3) Activities of NSS & NCC Wings of Vidyamandira:

The NSS wing organised the following:

- (a) A 'Blood Donation Camp' on 9th February 2025. (b) Cloth Distribution programs were held on 09th February 2025 at Baghkhali, Rishra, Hooghly & on 11th February 2025 at Barujibi Colony, Rishra, Hooghly.

4) Cultural Events:

- (a) **Observance of 39th National Youth Day:** National Youth Day was celebrated on 12th January 2025, at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony as in previous years.
- (b) **Celebration of 128th Birthday of Netaji Subhas Chandra Bose:** 128th Birthday of Netaji Subhas Chandra was celebrated on 23rd January 2025, at college campus.
- (c) **Observance of 76th Republic Day:** 76th Republic Day was observed by hoisting the National Flag on 26th January 2025, at college campus.
- (d) **Saraswati Puja** was performed with great joy by the students on 2nd & 3rd February 2025, at college campus.
- (e) **Celebration of 190th Birthday of Bhagawan Sri Ramakrishna Paramhansa Deva:** It was celebrated on 1st March 2025, at Belur Math. Students of Vidyamandira participated in that ceremony.
- (f) **Varshavarana and Rabindra Jayanti** were celebrated by the students on 19th April 2025.

5) Teachers' Achievements:

- a) **Prof. Uttam Kumar Ghorai**, HoD of Industrial & Applied Chemistry Dept. has been honoured with the prestigious **SMC Bronze Medal 2024** for his outstanding contributions to the field of Material Chemistry. This award was presented on 5th December 2024 at DAE Convention Centre, Bhaba Atomic Research Centre (BARC), Mumbai.
- b) **Prof. Uttam Kumar Ghorai** also secured 1st position at International Conference on Science and Technology of Advance Materials (STAM25) organised by Mar Athanasius College (Autonomous) Kothamangalam, Kerala during 8-10 January, 2025.
- c) **Prof. Uttam Kumar Ghorai** has been recognised with **INSA Young Associate 2025** by the Indian National Science Academy for his outstanding contribution in Material Chemistry and Electrochemistry with practical applications.

6) Students' Achievements:

- (I) **Sri Akash Sarkar**, UG, 2nd Yr, Political Science Dept. has been selected for Yuva Sangam (Phase-V) organised by Ministry of Education, Government of India. He represented State of West Bengal at IIT Jodhpur, Rajasthan from 12-20 December, 2024.
- (II) **Sri Ananyo Sen, Sri Sombit Majumder & Sri Sanket Dutta**, UG, 3rd Yr., Mathematics Dept. have achieved 1st, 2nd & 3rd positions respectively at

- Annual Inter-College-University Tech Fest, ‘Perception’ at Ennigma Quest, puzzle solving section, organised by Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute on 10th January 2025.
- (III) **Sri Gourab Das**, PG, 1st Yr., Computer Science Dept., has achieved 1st position at The Turing Show on the Tech Fest, ‘Perceptron’ organised by Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute on 10th January 2025.
 - (IV) **Sri Ashfakul Alam Tarafder** has secured 1st position in High Jump, **Sri Santu Rahul** has secured 2nd position in Discuss Throw & **Sri Jeevan Wadde** has secured 3rd position in Javelin Throw at the District Athletic Meet 2025 held at Ramsaday College, Amta, Howrah on 28 January 2025.
 - (V) **Sri Soumyajit Hazra**, a student of Communicative Spanish, Dept. of Tourism & Travel has secured 97% marks in DELE examination conducted by Ministry of Education, Govt. of Spain in November 2024.
 - (VI) **Sri Archisman Patra** (UG 2019-2021, PG 2021-2023) has received an offer of admission for a fully funded PhD program at the University of Saskatchewan, Canada. He is set to commence his doctoral studies in August 2025.
 - (VII) **Sri Amrik Biswas** (UG 2020-2023, PG 2023-2025) has been awarded a full scholarship to pursue his PhD at the University of California, Los Angeles, USA. He will be joining the program later this year.
 - (VIII) **Sri Sitaj Bag** (UG-II, History Department) and **Sri Meghdeep Banerjee** (UG-II, History Department) have secured 1st & 2nd positions respectively at the Inter College University Elocution Competition, organised by Ramakrishna Mission Residential College, Narendrapur.
 - (IX) **Sri Gaurab Das**, PG-I, Computer Science Dept., has secured 1st position in codeplay at eXabyte ’25 at Annual Technological Festival organised by St. Xavier’s College (Autonomous), Kolkata on 18-19 February 2025.
 - (X) **Sri Gaurab Das**, PG-I, Computer Science Dept., has qualified for NET JRF and Assistant Professor.
 - (XI) **Sri Anirban Santra**, PG-II, Computer Science Dept. has secured 1st position in Syntax Showdown under Tech Kurukshetra on 22nd February 2025 organised by University of Engineering and Management, Kolkata
 - (XII) **Sri Soumya Halder**, UG-III, Microbiology Dept. has successfully presented at 2nd International Conference (ICoN-ECPT) a paper on Innovations in sustainable drug discovery & development to combat crisis of antimicrobial resistance organized by Jadavpur University on 27th & 28th February 2025.
 - (XIII) **Sri Swarnadeep Sarma** has secured 1st position and **Sri Sougat Mahanty**, **Sri Kaustav Paul** & **Sri Ratul Dutta** have secured 2nd position at quiz competition organised by Ramakrishna Mission Residential College, Narendrapur.

(XIV) Following students of Mathematics Department recently brought honour for Vidyamandira:

a) **At RKMRC, Narendrapur** (held on 9th April, 2025)

- **Sri Sombit Mazumder (UG-III) & Sri Shankhadeep Maji (UG-II)-** 1st position in Quiz Mania.
- **Sri Sanket Dutta (UG-III)-** 1st position in Eval-A-thon.
- **Sri Soujato Dinda (UG-I) & Sri Anik Dey (UG-I)-** 2nd Position in Poster Presentation.
- **Sri Sombit Mazumder (UG-III) & Sri Sourish Dey (UG-II)-** 3rd Position in Mathematical Charades.

b) **At Vidyasagar College** (held on 4th April, 2025)

- **Sri Pritam Kumar Roy & Sri Adityasankar Panigrahi-** 1st Position in Poster Presentation.

(XV) **Sri Arkaprava Chakraborty and Sri Anirban Santra** PG-I, Computer Science Dept. have achieved 1st & 2nd Position respectively at Codation TECHTRIX 2025 organised by RCC Institute of Information Technology from 6th to 8th March 2025.

(XVI) **Sri Sambit Paul, Sri Soham Barik & Sri Anamitra Choudhuri** UG-III, secured 1st Position in 28th All Bengal Chemiquiz organised by The Presidency University.

(XVII) **Sri Sambit Paul, Sri Soham Barik & Sri Anamitra Choudhuri** UG-III, secured 1st Position in Elements-2025 organised by RKMRC, Narendrapur on 29th April 2025.

7) **Some other Information:**

- a) Ramakrishna Mission Vidyamandira's 12th Convocation was held on 14th December 2024.
- b) Ramakrishna Mission Vidyamandira has jointly organised 'Young Scientist Colloquium- 2024 on 11th December 2024 with Materials Research Society of India (MRSI), Kolkata Chapter.
- c) Dr Soumen Ghosh, presently Assistant Professor, Chemical Science, Indian Institute of Science, Bangalore is also an illustrious alumnus of Chemistry Dept. of our college, who represented Vidyamandira at All India Alumni Meet (Suvarna Sambharama) organised by Sri Ramakrishna Ashrama, Mysuru on 20th December 2024.
- d) A MoU has been signed between Ramakrishna Mission Vidyamandira (RKMV) & Symbiosis Centre for Distance Learning (SCDL) for various job-oriented certificate & Diploma courses in open and distance learning mode.

- e) Ramakrishna Mission Vidyamandira has received prestigious recognition as Scientific & Industrial Research Organization (SIRO) from the Department of Scientific & Industrial Research (DSIR), Ministry of Science & Technology, Govt. of India. By achieving this DSIR Certificate our college can avail 100% custom duty exemption in any kind of Pvt./Industrial/other funding for Scientific Research till March 31, 2027.

SCHOLARSHIP FOR STUDENTS OF VIDYAMANDIRA IN 2024-2025

SCHOLARSHIP TO JUST PASSED OUT OR NEWLY ADMITTED STUDENTS

NAME OF THE STUDENT	SUBJECT	YEAR	AMOUNT
HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP			
NOOR ISLAM MONDAL	HISTORY	PH.D.	Rs. 5,000
SUBHAJIT DE	PHILOSOPHY	PG-1	Rs. 10,000
Total			15,000
CHANDRANATH DEY MEMORIAL SCHOLARSHIP			
SHEMUL BISWAS	APPLIED CHEMISTRY	M.SC.	Rs. 10,000
ASHUTOSH DAS MEMORIAL SCHOLARSHIP			
			0
GENERAL SCHOLARSHIP FROM 2002-2005 BATCH			
			0
TOTAL SCHOLARSHIPS FOR PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA			25,000

SCHOLARSHIP FOR OTHER THAN VIDYAMANDIRA STUDENTS IN 2024-25

SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP

Name of the Student	Year & Course	Now studying in	Amount
SAYED HASINOOR ALAM	4TH YEAR, B.TECH	CEM, KOLAGHAT	₹ 2,000
NITAI DAS	B.A. (HONS.), GEOGRAPHY	SUNDERBAN MAHAVIDYALAYA, KAKDWIP	₹ 5,000
ARGHYA BHATTACHARJEE	1ST YEAR	BURDWAN RAJ COLLEGE	₹ 4,000
PRIYA HAZRA	1ST YEAR	DR. BHUPENDRALAL DUTTA SMRITI MAHAVIDYALAYA	₹ 4,000
TANU MALIK	1ST YEAR	DR. GOUR MOHAN ROY COLLEGE	₹ 4,000
SOUTIK CHANDRA	1ST YEAR	BANGABASI MORNING COLLEGE	₹ 4,000

PRATIVA SOM	1ST YEAR	BARDHAMAN RAJ COLLEGE	₹ 4,000
ROHIT KARMAKAR	UG I	DR. BHUPENDRALAL DUTTA SMRITI MAHAVIDYALAYA	₹ 4,000
SATHI CHAKRABORTY	UG I	DR. BHUPENDRALAL DUTTA SMRITI MAHAVIDYALAYA	₹ 4,000
DISHA GHOSH	1ST YEAR	DR. BHUPENDRALAL DUTTA SMRITI MAHAVIDYALAYA	₹ 4,000
MOUMITA PAUL	B.A. (GENERAL)	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
PIYANKA ACHARYA	B.A. (GENERAL)	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
PAPRI BARIKDAR	M.SC. (FOOD & NUTRITION)	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
SRAYA DAS	M.SC. (FOOD & NUTRITION)	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
PUJA BOSE	M.SC. (FOOD & NUTRITION)	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
SATHI PODDAR MONDAL	B.A. (HONS.), BENGALI	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
SABERA KHATUN	B.A. (HONS.), BENGALI	RAMAKRISHNA VIVEKANANDA MISSION SARADA MA GIRLS' COLLEGE	₹ 3,000
Total			60,000

SWAMI SANTARUPANANDA MEMORIAL SCHOLARSHIP

Name of the Student	Year & Course	Now studying in	Amount
LISA SANTRA	1ST YEAR B.SC.	BIJAYKRISHNA GIRLS COLLEGE, HOWRAH	₹ 5,000

SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP

SANJU GHORUI	1ST YEAR	GOVINDAPUR COLLEGE	Rs. 5,000
SOUMI JANA	M.A.	MAHISADAL RAJ COLLEGE	Rs. 3,000
SOMASHREE GAYEN	B.A. (GENERAL)	BAJKUL MILANI MAHAVIDYALAYA	Rs. 3,000
SOUVIK BERA	1ST YEAR, ITI	BAJKUL MILANI MAHAVIDYALAYA	Rs. 3,000
KOUSTAV CHAKRABORTY	1ST YEAR, ITI	BAJKUL MILANI MAHAVIDYALAYA	Rs. 3,000
Total			17,000

TAPATI CHAKRABORTY MEMORIAL SCHOLARSHIP

ARPITA KUNTI	UG II, ENGLISH	SHYAMPUR SIDDHESWARI MAHAVIDYALAYA	Rs. 5,000
SNEHA PAL	1ST YEAR, CHEMISTRY	SHYAMPUR SIDDHESWARI MAHAVIDYALAYA	Rs. 5,000

BRISTI PAL	1ST YEAR, ENGLISH	SHYAMPUR SIDDHESWARI MAHAVIDYALAYA	Rs. 5,000
MOUSUMI DUTTA	GNM, NURSING	VIVEKANANDA SEVA KENDRA PALLY GNM NURSING SCHOOL, TARAKESWAR	Rs. 5,000
SUDHA DUTTA	GNM, NURSING	VIVEKANANDA SEVA KENDRA PALLY GNM NURSING SCHOOL, TARAKESWAR	Rs. 5,000
BAISAKHI JANA	B.A., GENERAL	MUGHBERIA GANGADHAR MAHAVIDYALAYA	Rs. 3,000
KALLOL GHORUI	BBA, HOSPITAL MANAGEMENT	INSTITUTE OF ADVANCE EDUCATION & RESEARCH	Rs. 3,000
SUBRATA DAS	2ND YEAR, GEOLOGY	JADAVPUR UNIVERSITY	Rs. 3,000
SUCHISMITA JANA	B.A.	BAJKUL MILANI MAHAVIDYALAYA	Rs. 3,000
SANTU JANA	B.SC.	SWARNAMOYEE JOGENDRANATH MAHAVIDYALAYA	Rs. 3,000
SANJIB KUMAR MANNA	B.SC.	SWARNAMOYEE JOGENDRANATH MAHAVIDYALAYA	Rs. 3,000
TANUSHREE SASMAL	B.A., GENERAL	SWARNAMOYEE JOGENDRANATH MAHAVIDYALAYA	Rs. 3,000
KAJAL MANDAL	B.A., GENERAL	DR. B. R. AMBEDKAR SATABARSHIKI MAHAVIDYALAYA	Rs. 2,500
RAHUL PRAMANIK	B.A., GENERAL	DR. B. R. AMBEDKAR SATABARSHIKI MAHAVIDYALAYA	Rs. 2,500
SANGITA SARKAR	B.A., GENERAL	DR. B. R. AMBEDKAR SATABARSHIKI MAHAVIDYALAYA	Rs. 2,500
TARUMITA BISWAS	B.A., ENGLISH HONS	DR. B. R. AMBEDKAR SATABARSHIKI MAHAVIDYALAYA	Rs. 2,500
Total			56,000

HEALTHCARE FUND :: EXPENSES DURING FY 2022-2023

NAME OF THE RECEIPT	SUBJECT	YEAR	AMOUNT
ASSISTANCE TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA			
SK. RAFIZUL	INDUSTRIAL CHEMISTRY	RESEARCH SCHOLAR	Rs. 5,000
ASSISTANCE TO STAFF/EX-STAFF OF VIDYAMANDIRA			
MANIK LAL SARKAR	RETIRED EMPLOYEE		Rs.10,000
ASSISTANCE TO PATIENTS TREATED AT SHRAMAJIBI HOSPITAL			
ONE-TIME DONATION TO SHRAMAJIBI HOSPITAL			Rs. 10,000
TOTAL EXPENSES FROM HEALTHCARE FUND:			25,000

FUND-WISE LIST OF DONATIONS FOR 2024-2025

Purpose of Donation	No. of Donors	Total Amount
GRADUATES OF 1971 SCHOLARSHIP FUND	33	₹ 264,986
1971-74 GRADUATES SCHOLARSHIP FUND	4	₹ 25,000

1976-79 BATCH SCHOLARSHIP FUND	10	₹ 113,000
1981-84 GRADUATES BATCH STUDENTS WELFARE FUND	29	₹ 118,002
GIRIDHARI GHOSH USHARANI GHOSH MEM. SCH. FUND	1	₹ 20,000
SAROJ KUMAR SEN MEMORIAL SCHOLARSHIP	1	₹ 100,000
HEALTHCARE FUND	1	₹ 2,001
SW. SHIVAMAYANANDA MEMORIAL FUND	2	₹ 10,500
SW. PRABHANANDA MEMORIAL RESEARCH FUND	2	₹ 110,000
SW. TEJASANANDA MEMORIAL CRICKET TOURNAMENT FUND	6	₹ 33,600
VIDYAMANDIRA ASSISTANCE FUND	1	₹ 250,000
COMMUNITY OUTREACH FUND	4	₹ 3,501
OTHER FUNDS	5	₹ 5
TOTAL AMOUNT OF DONATION RECEIVED DURING 2024-2025	99	₹ 1,050,595

Donations to Permanent Endowment Funds now require a consent form to be submitted by the donor. The blank form can be downloaded from Alumni website at www.alumnividyamandira.in or from the Facebook page of the Alumni Association. Donors are requested to take a printout of the consent form, duly fill the form and send us the form either by post or courier. They may also send a scanned copy of the consent form by email to alumnividyamandira@gmail.com or to Alumni WhatsApp no. 7003615034.

"We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet."
—Swami Vivekananda



Published by Shuvendu Majumder, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni